গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
মতামত অনুবিভাগ।
www.lawjusticediv.gov.bd

আইন ও বিচার বিভাগের ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন অগ্রগতি নভেম্বর, ২০১৯ খ্রিঃ এর মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভার তারিখ | : | ২৬/১১/২০১৯ খ্রিঃ। |
| সময় | : | ১১.০০ ঘটিকা। |
| স্থান | : | সম্মেলন কক্ষ, আইন ও বিচার বিভাগ |
| সভাপতি | : | বেগম উম্মে কুলসুম<br>যুগ্ম সচিব (মতামত)<br>ও<br>ফোকাল পয়েন্ট, এপিএ কমিটি। |
| সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা | : | পরিশিষ্ট-ক সংযুক্ত। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর সভাপতি এ বিভাগের ২০১৯-২০২০ সনের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কৌশলগত উদ্দেশ্যসমূহের বিপরীতে গৃহীত কার্যক্রম পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে এ বিভাগের গৃহীত কার্যক্রমসমূহ সন্তোষজনক মর্মে সবাইকে অবহিত করা হয়।

কিন্তু আবশ্যিক কর্মকৌশলের মধ্যে নিম্নলিখিত বিষয় সমূহ আরো কার্যকরী পদক্ষেপ দ্রুততার সাথে গ্রহণের জন্য সভাপতি সংশ্লিষ্ট কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করেন।

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | [১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] সকল শাখায় ই-নথি ব্যবহার। | |
| | | [১.১.২] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | |
| | | [১.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত | |
| ২. | [১.২] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ডিজিটাল সেবা চালু করা | [১.২.১] ন্যূনতম একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | |
| ৩. | [১.৩]মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | [১.৩.১] ন্যূনতম একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | |
| ৪. | [১.৪] প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | [১.৪.১] বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | |
| | | [১.৪.২] প্রণীত তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | মন্তব্য |
|---|---|---|---|
| ৫. | [১.৫] সেবা সহজিকরণ | [১.৫.১] ন্যূনতম একটি সেবা সহজিকরণ প্রসেস ম্যাপসহ সরকারি আদেশ জারীকৃত | |
| | | [১.৫.২] সেবা সহজিকরণ অধিক্ষেত্র বাস্তবায়িত | |
| ৬. | [২.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | [২.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | |
| ৭. | [২.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | [২.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | |
| | | [২.৪.৩] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | |

বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সিদ্ধান্ত-১: প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও প্রণীত তালিকা অনুযায়ী নথি বিনষ্টকরণ করা হবে।

সিদ্ধান্ত-২: সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনাসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হবে।

সিদ্ধান্ত-৩: ই-ফাইলে নথি নিষ্পত্তির হার বাড়াতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৬/১১/২০২৩

উম্মে কুলসুম
যুগ্ম সচিব (মতামত)
ও
ফোকাল পয়েন্ট
এপিএ কমিটি, আইন ও বিচার বিভাগ।